# প্রণতি

১২১ নং

তাল--তেলেনা

আইল সন্ধ্যা ডাকি তোমারে,
( হরি ) প্রিয়তম আছ কত দূরে ।।

১। তুমি আপন হইতে আপন,
তুমি হৃদয়, মন, প্রাণ ।
বিপদের বন্ধু তুমি হে,
তুমি আলোক আঁধার ।।

২। তুমি পতিত বান্ধব পাবন,
তুমি ভক্তজন মন ধন ।
নিরাশায় আশা তুমি হে
তুমি কাণ্ডারী পাথারে ।।

৩। ওগো জগবন্ধু জগদীশ ।
আমার হৃদয় জুড়িয়া বস' ।
তোমরা চরণ ধোয়া'ব হে
আমার দু'নয়নের নীরে ।।

---মহানন্দ হালদার

১২২ নং

তাল--একতালা

গলে বসন করজোড়ে বিনয় করি হরি,
মতি যেন থাকে রাঙ্গা পায় ।
আমি অতি জঘন্য, বিদ্যা বুদ্ধি শূন্য,
পুণ্যের সঞ্চার নাই এই পাষাণ হৃদয় ।।